যুগান্তর

তারিখ 17 OCT 2016
পৃষ্ঠা ৮ কলাম ৬

# আমতলী সরকারি কলেজের অধ্যক্ষের অফিস কক্ষ দখল

বরগুনা (আমতলী) প্রতিনিধি

বরগুনা আমতলী সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মো. মজিবুর রহমানের বিরুদ্ধে রাতের আঁধারে তালা ভেঙে অধ্যক্ষের কক্ষ জবর দখলের অভিযোগ পাওয়া গেছে। এ অভিযোগের প্রতিবাদে শিক্ষক কর্মচারীরা রোববার সকাল ১০টা থেকে ক্লাস বর্জনসহ শহীদ মিনারে ৩ ঘণ্টা অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করে। কলেজ সূত্রে জানা গেছে, ২০১৬ সালের ৭ এপ্রিল আমতলী ডিগ্রি কলেজকে জাতীয়করণ করা হয়। কলেজ জাতীয়করণের পর ৩০ জুন বরিশালের সরকারি ফজলুল হক কলেজের দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক মো. মাসুদ রেজাকে সংযুক্ত অধ্যক্ষ হিসেবে আমতলী সরকারি কলেজে নিয়োগ প্রদান করেন। নিয়োগের পর ১১ জুলাই সে অত্র কলেজে অধ্যক্ষ হিসেবে যোগদান করেন। যোগদানের পর সাবেক অধ্যক্ষ মো. মজিবুর রহমান মো. মাসুদ রেজার নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট পিটিশন দাখিল করেন। আদালত ৬ সেপ্টেম্বর শুনানি শেষে অধ্যক্ষ মো. মাসুদ রেজার নিয়োগ স্থগিত করে সরকারের প্রতি কারণ দর্শাও নোটিশ জারি করেন। এরপরই শুরু হয় আমতলী সরকারি কলেজে অধ্যক্ষের পদ নিয়ে দ্বন্দ্ব। এ দ্বন্দ্বের জের ধরে শিক্ষক কর্মচারীরা দুটি ভাগে ভাগ হয়ে যায়। একপর্যায়ে অধ্যক্ষ মো. মাসুদ রেজা ২২ সেপ্টেম্বর ছুটি নিয়ে বাড়ি যান এ সময় সহকারী অধ্যাপক আবুল হোসেন বিশ্বাসকে চলতি অধ্যক্ষের দায়িত্ব দিয়ে যান। অধ্যক্ষ ছুটিতে থাকা অবস্থায় ১৩ অক্টোবর তাকে রাঙ্গামাটি সরকারি কলেজে সহযোগী অধ্যাপক হিসেবে বদলি করা হয়। বদলির এ খবর পেয়ে সাবেক অধ্যক্ষ মো. মজিবুর রহমান শনিবার গভীর রাতে বহিরাগত লোকজন নিয়ে অধ্যক্ষের ১১২নং কক্ষের তালা ভেঙে তার ঘর দখল করে নেন বলে অভিযোগ পাওয়া গেছে। সাবেক অধ্যক্ষ মো. মজিবুর রহমানের কাছে এ ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন নিয়ম অনুযায়ী আমি এই কলেজের অধ্যক্ষ কারণ সংযুক্ত অধ্যক্ষ হিসেবে মো. মাসুদ রেজাকে নিয়োগ দিয়েছে তখন আমাকে অধ্যক্ষ পদ থেকে বাতিল করেনি।